গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
অনুষ্ঠান শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
**(www.moca.gov.bd)**

**স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৮তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস-২০২৩ পালনের কর্মসূচি নির্ধারণ সংক্রান্ত ফলোআপ সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | খলিল আহমদ<br>সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় |
| তারিখ ও সময় | : | ০৬ আগস্ট, সকাল ১০.০০টা |
| সভার স্থান | : | মন্ত্রণালয়ের সভাকক্ষ |
| সভার উপস্থিতি | : | পরিশিষ্ট 'ক' |

সভাপতি স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন এবং উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে আগামী ১৫ আগস্ট ২০২৩ জাতির পিতার ৪৮তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস যথাযথভাবে পালন উপলক্ষ্যে জাতীয় কর্মসূচির আলোকে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় এবং আওতাধীন দপ্তর/সংস্থার নির্ধারিত কর্মসূচি সুষ্ঠুভাবে বাস্তবায়নের বিষয়ে সকলের মতামত আহ্বান করে সভা শুরু করেন। সভাপতি বলেন, মন্ত্রিপরিষদ বিভাগে গত ০৭ জুন ২০২৩ তারিখে অনুষ্ঠিত আন্তঃমন্ত্রণালয় সভায় জাতীয় শোক দিবস পালনের জাতীয় কর্মসূচি গ্রহণ করা হয়। জাতীয় কর্মসূচির আলোকে ০৫ জুলাই ২০২৩ তারিখে মাননীয় প্রতিমন্ত্রীর সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহরে কর্মসূচি প্রণয়ন করা হয়। উক্ত কর্মসূচিসমূহের অগ্রগতি জানার জন্য অদ্যকার ফলো-আপ সভা আহ্বান করা হয়েছে। এরপর সভায় কার্যপত্র ধারাবাহিকভাবে উপস্থাপন করা হয়।

সভায় বিস্তারিত আলোচনার পর ১৫ আগস্ট ২০২৩ তারিখ মঙ্গলবার স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ৪৮তম শাহাদত বার্ষিকী যথাযথ মর্যাদা ও ভাবগম্ভীর পরিবেশে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় ও এর আওতাধীন দপ্তর/সংস্থায় জাতীয় শোক দিবস পালনের উদ্দেশ্যে নিম্নবর্ণিত কর্মসূচিসমূহ যথাযথভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয় :

| ক্রমিক | কর্মসূচি/সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ১. | ১৫ আগস্ট ২০২৩ তারখি মঙ্গলবার মন্ত্রণালয়ের আওতাধীন সকল দপ্তর/সংস্থার ভবনসমূহে জাতীয় পতাকা অর্ধনমিত রাখা। ছেঁড়া বা বিবর্ণ পতাকা ব্যবহার না করা ও মানসম্মত কাপড়ে যথানিয়মে জাতীয় পতাকা প্রস্তুত এবং পতাকা বিধি অনুসরণর্পূবক পতাকা অর্ধনমিত রাখা। | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীন সকল দপ্তর/সংস্থা |
| ২. | ১৫ আগস্ট ২০২৩ তারিখ মঙ্গলবার জাতীয় শোক দিবসে সকাল ১১.০০ টায় ধানমন্ডিস্থ জাতির পিতার প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পন করা (**সকলে লাজ ফার্মার সামনে একত্রিত হবেন**)। | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় এবং আওতাধীন সকল দপ্তর/সংস্থা |

e:\admin file (29-09-2019)\meeting.docx 364

| ক্রমিক | কর্মসূচি/সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ৩. | ১৫ আগস্ট ২০২৩ তারখি মঙ্গলবার জাতীয় শোক দিবসে মন্ত্রণালয় এবং আওতাধীন দপ্তর/সংস্থার দাপ্তরিক ভবনসমূহে, প্রধান কার্যালয় ও আঞ্চলিক/জলো/উপজলো কার্যালয়সমূহে ড্রপডাউন ব্যানার স্থাপন করা। | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় এবং আওতাধীন সকল দপ্তর/সংস্থা |
| ৪. | ১৫ আগস্ট ২০২৩ তারখি মঙ্গলবার শহিদদের আত্মার মাগফিরাত কামনা করে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের পক্ষে বেলা ১২.০০টায় বাংলাদশে জাতীয় জাদুঘরে কুরআন খানি ও দোয়া মাহফিল আয়োজন করা হবে। সকল দপ্তর/সংস্থায় বিকাল ০৩.০০ টায় দোয়া মাহফলি আয়োজন করতে হবে। | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় এবং আওতাধীন সকল দপ্তর/সংস্থা |
| ৫. | ১৫ আগস্ট ২০২৩ তারখি মঙ্গলবার জাতীয় শোক দিবস উপলক্ষ্যে আগস্ট মাসব্যাপি কালো ব্যাজ ধারণ করা। | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় এবং আওতাধীন সকল দপ্তর/সংস্থা |
| ৬. | এ মন্ত্রণালয়ের আওতাধীন কোন দপ্তর/সংস্থায় যদি বঙ্গবন্ধুর প্রতিকৃতি না থাকে তবে বাংলাদেশ শিল্পকলা একাডেমি হতে বঙ্গবন্ধুর প্রতিকৃতি সংগ্রহ করা এবং সকল দপ্তর/সংস্থায় বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পন করা। উল্লেখ্য, মন্ত্রণালয়ের আওতাধীন ঢাকাস্থ দপ্তর/সংস্থাসমূহ মন্ত্রণালয়ের সাথে ধানমন্ডির ৩২ নম্বর সড়কে বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরে জাতির পিতার প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করবেন। | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় এবং আওতাধীন সকল দপ্তর/সংস্থা |
| ৭. | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের উদ্যোগে বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিবের জীবনীর উপর ভিত্তি করে তৈরিকৃত এবং মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক সদয় অনুমোদিত ডকুমেন্টারিটি আগামী ০৭ আগস্ট ২০২৩ তারিখ সোমবার বিকাল ৫.০০টায় বাংলাদেশ শিল্পকলা একাডেমির জাতীয় নাট্যশালা মিলনায়তনে প্রদর্শন করা হবে। | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় এবং বাংলাদেশ শিল্পকলা একাডেমি। |
| ৮. | জাতীয় শোক দিবস ২০২৩ পালন উপলক্ষ্যে ১৫ আগস্ট ২০২৩ তারিখে গৃহীত কর্মসূচিতে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের সকল কর্মকর্তা-কর্মচারি এবং আওতাধীন দপ্তর/সংস্থার সকল কর্মকর্তা-কর্মচারিকে আবশ্যিকভাবে উপস্থিত থাকতে হবে। কোনোভাবেই ছুটি কাটানো বা কর্মস্থল ত্যাগ করা যাবে না। | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় এবং আওতাধীন সকল দপ্তর/সংস্থা |
| ৯. | জাতীয় শোক দিবস উপলক্ষ্যে আয়োজিত প্রতিযোগিতার পুরস্কার ১৫ আগস্ট ২০২৩ তারিখ প্রদান করা যাবে না। অবশ্যিকভাবে ১৫ আগস্ট ২০২৩ তারিখের পর প্রদান করতে হবে। | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীন সকল দপ্তর/সংস্থা |
| ১০. | ক) বাংলাদেশ জাতীয় জাদুঘরের প্রধান লবিতে রাখা জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করা;<br>খ) সোহরাওয়ার্দী উদ্যানে স্থাপিত স্বাধীনতা স্তম্ভ ও মুক্তিযুদ্ধ জাদুঘরের আশ-পাশের এলাকা পরিষ্কার-পরিচ্ছন্ন রাখা এবং স্বাধীনতা স্তম্ভ ও মুক্তিযুদ্ধ জাদুঘর শিক্ষার্থী ও দর্শনার্থীদের জন্য বিনামূল্যে পরিদর্শনের ব্যবস্থা গ্রহণ করা;<br>গ) ১৯ আগস্ট ২০২৩ তারিখ শনিবার বিকাল ৪.০০টায় বঙ্গবন্ধুকে নিয়ে বিশেষ সেমিনারের আয়োজন করা এবং সামাজিক যোগাযোগ মাধ্যমে আপলোড করে দর্শকদের জন্য উপস্থাপন করা;<br>ঘ) স্বাধীনতা জাদুঘরে স্বাস্থ্যবিধি মেনে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষার্থীদের নিয়ে ০২ (দুই) পর্বের রচনা প্রতিযোগিতার | বাংলাদেশ জাতীয় জাদুঘর |

| ক্রমিক | কর্মসূচি/সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| | আয়োজন করা;<br>ঙ) বঙ্গবন্ধুর উপর অনুষ্ঠিত বিশেষ প্রদর্শনীর প্রামাণ্যচিত্র জাদুঘরের ওয়েবসাইটে ও ফেসবুকে আপলোড করে দর্শকদের জন্য উপস্থাপন করা;<br>চ) ১৫ আগস্ট ২০২৩ তারিখ হতে ৩১ আগস্ট ২০২৩ তারিখ পর্যন্ত প্রমাণ্যচিত্র প্রদর্শনীর আয়োজন করা; এবং<br>ছ) জাদুঘরের সংগ্রহে থাকা বঙ্গবন্ধুর স্মৃতি নিদর্শন নিয়ে ছোট ছোট প্রামাণ্য চিত্র তৈরি করে সেগুলো জাদুঘরের ওয়েবসাইটে ও ফেসবুকে আপলোড করে দর্শকদের জন্য উপস্থাপন করা। | |
| ১১. | ০১ আগস্ট ২০২৩ : বঙ্গবন্ধুকে নিয়ে চিত্রকর্ম ও আলোকচিত্র প্রদর্শনী এবং মাসব্যাপী অনুষ্ঠানের উদ্বোধন<br>০৫ আগস্ট ২০২৩: শিল্পের আলোয় শ্রদ্ধাঞ্জলি: শহীদ ক্যাপ্টেন শেখ কামাল<br>০৬ আগস্ট ২০২৩: শিল্পের আলোয় শ্রদ্ধাঞ্জলি: রবীন্দ্রনাথ ও বঙ্গবন্ধু<br>০৭ আগস্ট ২০২৩: বঙ্গমাতা শেখ ফজিলাতুন নেছা মুজিব'কে নিয়ে নির্মিত ডকুমেন্টারির প্রদর্শনী;<br>০৮ আগস্ট ২০২৩: শিল্পের আলোয় শ্রদ্ধাঞ্জলি উৎসর্গ: বঙ্গমাতা বেগম ফজিলাতুন নেছা মুজিব ;<br>১৪ আগস্ট ২০২৩: কবিতা ও গানে বঙ্গবন্ধু<br>১৫ আগস্ট ২০২৩: বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ, বঙ্গবন্ধুকে অবলম্বন করে শিশুদের অংশগ্রহণে আর্টক্যাম্প এবং বঙ্গবন্ধুর উপর রচিত গ্রন্থের পাঠ পর্যালোচনা বিষয়ক এবং সাংস্কৃতিক পরিবেশনা<br>১৬ আগস্ট ২০২৩: বঙ্গবন্ধু স্মারক বক্তৃতা এবং সাংস্কৃতিক পরিবেশনা<br>১৮ আগস্ট ২০২৩: বরেণ্য চারুশিল্পীদের অংশগ্রহণে আর্টক্যাম্প<br>২১ আগস্ট ২০২৩: ২১ আগস্ট ভয়াবহ গ্রেনেড হামলা: স্থাপনাশিল্প ও আলোকচিত্র প্রদর্শনী<br>২২ আগস্ট ২০২৩: যাত্রাপালা: নিসঙ্গ লড়াই<br>২৩ আগস্ট ২০২৩: নাটক: সাধ না মিটিল<br>২৪ আগস্ট ২০২৩: নাটক: কফিনে বন্দী বাংলাদেশ<br>২৫ আগস্ট ২০২৩: নাটক: চিরঞ্জীব মুজিব<br>২৯ আগস্ট ২০২৩ বিকাল ৪.০০টায়: শিশুদের ভাবনায় বঙ্গবন্ধু<br>২৯ আগস্ট ২০২৩ সন্ধ্যা ৭.০০টায়: শিল্পের আলোয় শ্রদ্ধাঞ্জলি: নজরুল ও বঙ্গবন্ধু<br>৩১ আগস্ট ২০২৩: মাসব্যাপী অনুষ্ঠানমালার সমাপনী | বাংলাদেশ শিল্পকলা একাডেমি |
| ১২. | ক) ১৫ আগস্ট ২০২৩ তারিখ মঙ্গলবার প্রধান কার্যালয় এবং সকল বিভাগীয়, জেলা ও উপজেলা সরকারি গণগ্রন্থাগারের দাপ্তরিক ভবনে রক্ষিত জাতির পিতার প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করা;<br>খ) ১৫ আগস্ট ২০২৩ তারিখ মঙ্গলবার সকাল ১১.০০টায় হোটেল ইন্টার কন্টিনেন্টাল চত্বরে শিশুদের নিয়ে রচনা ও চিত্রাংকন প্রতিযোগিতা আয়োজন করা;<br>গ) দেশের বিভিন্ন স্থানের লাইব্রেরি পাঠকদের অংশগ্রহণের মাধ্যমে অনলাইনে বঙ্গবন্ধুর জীবনী ভিত্তিক আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন করা;<br>ঘ) ১৫ আগস্ট ২০২৩ তারিখ মঙ্গলবার বিকাল ৩.০০টায় ইঞ্জিনিয়ারিং ইনস্টিটিউট চত্বরে আলোচনা সভা; এবং<br>ঘ) ১৬-১৮ আগস্ট ২০২৩ তারিখ তিন দিনব্যাপী ইঞ্জিনিয়ারিং | গণগ্রন্থাগার অধিদপ্তর |

| ক্রমিক | কর্মসূচি/সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| | ইনস্টিটিউট চত্বরে বঙ্গবন্ধুর জীবনীভত্তিকি প্রকাশতি পুস্তক প্রর্দশনী করা। | |
| ১৩. | ক) ১৫ আগস্ট ২০২৩ তারিখ মঙ্গলবার জাতীয় শোক দিবস উপলক্ষ্যে কবি ভবনে প্রবেশ পথের মূল রাস্তায় বিলবোর্ড স্থাপন করা;<br>খ) ১৫ আগস্ট ২০২৩ তারিখ মঙ্গলবার বিকাল ৩.০০টায় জাতীয় শোক দিবস উপলক্ষ্যে কবি নজরুল ইনস্টিটিউটে আলোচনা সভা ও দোয়া মাহফলি এর আয়োজন করা;<br>গ) জাতীয় শোক দিবস উপলক্ষ্যে ঢাকা, কুমিল্লা ও ত্রিশালে দাপ্তরিক কার্যালয়ে এবং নজরুল স্মৃতিবিজড়িত চুয়াডাঙ্গার কার্পাসডাঙ্গা ও মানিকগঞ্জের তেওতায় ব্যানার স্থাপন করা;<br>ঘ) অনলাইনে 'বঙ্গবন্ধু' শীর্ষক আলোকচিত্র প্রর্দশনী ও ইন্সটিটিউট গ্রন্থাগারে বঙ্গবন্ধুকর্ণার এর ভার্চুয়াল প্রদর্শনী করা; এবং<br>ঙ) মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, টাঙ্গাইল, বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, সাভার অথবা রাজশাহী বিশ্ববিদ্যালয় এবং ইসলামী বিশ্ববিদ্যালয়, কুষ্টিয়ায় শোক দিবস উপলক্ষ্যে আলোচনা সভা করা হবে এবং আলোচনা সভার পূর্বে বঙ্গমাতা বেগম ফজিলাতুন নেছা মুজিব এঁর জীবনীর উপর নির্মিত ডকুমেন্টারিটি প্রদর্শন করা হবে। | কবি নজরুল ইন্সটিটিউট |
| ১৪. | ক) ১৫ আগস্ট ২০২৩ তারখি মঙ্গলবার বিকাল ৪.০০টায় জাতীয় শোক দিবস উপলক্ষ্যে আলোচনা সভা আয়োজন;<br>খ) ০৮-১৫ আগস্ট ২০২৩ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের উপর রচিত বই এবং মুক্তিযুদ্ধ বিষয়ক বই প্রর্দশনী ও বিক্রয়ের ব্যবস্থা করা; এবং<br>গ) বাংলা একাডেমি থেকে বিভিন্ন পুরষ্কারপ্রাপ্ত সুধীদের নিয়ে আলোচনা সভা আয়োজন করা।সভার পূর্বে বঙ্গমাতার জীবনীর উপর নির্মিত ডকুমেন্টারি প্রদর্শন করা হবে। | বাংলা একাডেমি |
| ১৫. | ক) ১৫ আগস্ট ২০২৩ তারিখ মঙ্গলবার বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন প্রাঙ্গণে জাতির পিতার ভাস্কর্যে পুষ্পস্তবক অর্পণ করা;<br>খ) বঙ্গবন্ধুর ৭ মার্চের ঐতিহাসিক ভাষণ সম্প্রচার করা;<br>গ) অনলাইনে বঙ্গবন্ধু ও বাংলাদেশ বিষয়ক কুইজ প্রতিযোগিতা আয়োজন করা; এবং<br>ঘ) ১৫ আগস্ট ২০২৩ তারিখ মঙ্গলবার দুপুর ২.৩০টায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এবং তাঁর পরিবারের শহিদদের আত্মার মাগফিরাত কামনা করে দোয়া মাহফিল ও আলোচেনা সভার আয়োজন করা। আলোচনা সভার পূর্বে বঙ্গমাতা বেগম ফজিলাতুন নেছা মুজিব এঁর জীবনীর উপর নির্মিত ডকুমেন্টারিটি প্রদর্শন করা হবে। | বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন |
| ১৬. | ক) ১৫ আগস্ট ২০২৩ তারখি মঙ্গলবার প্রধান কার্যালয় ও আঞ্চলিক কার্যালয়ে দাপ্তরিক ভবনে রক্ষিত জাতির পিতার প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করা;<br>খ) অস্বচ্ছলদের মধ্যে খাদ্যসামগ্রী বিতরণ করা;<br>গ) প্রধান কার্যালয় এবং আঞ্চলিক কার্যালয়সমূহের অংশগ্রহণে ভিডিও কনফারেন্সের মাধ্যমে ১৫ আগস্ট ২০২৩ তারিখ 'বঙ্গবন্ধুর অসমাপ্ত আত্মজীবনী' এর উপর পাঠচক্র;<br>ঘ) ২১ আগস্ট ২০২৩ তারিখ বঙ্গবন্ধুর অসমাপ্ত আত্মজীবনীর উপর সেমিনার আয়োজন করা। | প্রত্নতত্ত্ব অধিদপ্তর |

| ক্রমিক | কর্মসূচি/সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| | ঙ) জাতীয় শোক দিবস সংশ্লিষ্ট কার্যক্রমের ডিজিটাল প্রচারণা; এবং<br>চ) আঞ্চলিক ও মাঠ পর্যায়ের কার্যালয়সমূহ জেলা ও উপজেলা প্রশাসনের সাথে সমন্বয় করে কর্মসূচি গ্রহণ করা। | |
| ১৭. | ক) ১৫ আগস্ট ২০২৩ তারিখ মঙ্গলবার দাপ্তরিক ভবনে রক্ষিত জাতির পিতার প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করা;<br>খ) মাধ্যমিক, উচ্চমাধ্যমিক ও বিশ্ববিদ্যালয় পর্যায়ে বঙ্গাবন্ধুর জীবন ও কর্ম সম্পর্কিত নিম্নলিখিত ৩টি গ্রন্থের উপর লেখা আহ্বান:<br>১। মাধ্যমিক পর্যায়ে ২০০০ শব্দ-(গ্রন্থ: অসমাপ্ত আত্মজীবনী)<br>২।উচ্চমাধ্যমিক পর্যায়ে ২৫০০ শব্দ-(গ্রন্থ: কারাগারের রোজনামচা)<br>৩। বিশ্ববিদ্যালয় পর্যায়ে ৩০০০ শব্দ-(গ্রন্থ: আমার দেখা নয়াচীন)<br>গ) বঙ্গাবন্ধুর জীবন ও কর্মসম্পর্কিত বিষয় নিয়ে সপ্তাহে ০২ (দুই) দিন করে আলোচনা সভার আয়োজন;<br>ঘ) ১৫ আগস্ট থেকে ৩০ আগস্ট ২০২৩ তারিখ পর্যন্ত বঙ্গাবন্ধুর জীবন ও কর্ম সম্পর্কিত বিভিন্ন ফটোগ্রাফী সমন্বয়ে অধিদপ্তরের ওয়েবসাইটে ডিজিটাল প্রদর্শনীর আয়োজন করা;<br>ঙ) জাতীয় শোক দিবস উপলক্ষ্যে বৃক্ষরোপণ কর্মসূচি; এবং<br>চ) শিশুদের নিয়ে বঙ্গাবন্ধুর উপর রচিত গানও কবিতা আবৃত্তি। | আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর |
| ১৮. | ক) ১৫ আগস্ট ২০২৩ তারখি মঙ্গলবার দপ্তরে রক্ষিত জাতির পিতার প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করা;<br>খ) জাতির পিতা, জাতির পিতার পরিবারের শহিদ সদস্যগণ এবং অন্যান্য শহিদদের আত্মার মাগফিরাত কামনা করে দোয়া মাহফিল আয়োজন করা;<br>গ) ১৫ আগস্ট ২০২৩ তারিখ মঙ্গলবার বিকাল ৩.০০টায় বঙ্গাবন্ধু শেখ মুজিবুর রহমানের মহান স্মৃতি উপলক্ষ্যে গীতিকার/ সুরকার, বিশিষ্ট সঙ্গীত শিল্পী ও বিশিষ্ট ব্যক্তিবর্গকে নিয়ে আলোচনা অনুষ্ঠান আয়োজন করা; এবং<br>ঘ) মুক্তিযুদ্ধ বিষয়ক চলচ্চিত্র প্রদর্শন করা। | বাংলাদেশ কপিরাইটস অফিস |
| ১৯. | ক) ঢাকা ও পার্শ্ববর্তী জেলাসমূহের ২০টি বেসরকারি গ্রন্থাগারের পাঠক-শিক্ষার্থীর অংশগ্রহণে বঙ্গাবন্ধুকে নিবেদিত কবিতা পাঠ ও আবৃত্তি কার্যক্রম চলমান রয়েছে। আগামী ৯-১০ আগস্ট ২০২৩ কবিতা পাঠ কার্যক্রমের মূল্যায়ন অনুষ্ঠান এবং ২৭-৩১ আগস্ট ২০২৩ তারিখের মধ্যে মাননীয় প্রতিমন্ত্রী ও সচিব মহোদয়ের সুবিধাজনক সময়ে উক্ত কার্যক্রমের নির্বাচিত সেরা পাঠকদের পুরস্কার প্রদান অনুষ্ঠান আয়োজন;<br>খ) আগামী ০৭ আগস্ট ২০২৩ তারিখ সরকারি তিতুমীর কলেজের শিক্ষার্থীদের অংশগ্রহণে বঙ্গাবন্ধু শেখ মুজিবুর রহমান রচিত 'অসমাপ্ত আত্মজীবনী' শীর্ষক গ্রন্থটি নিয়ে গ্রন্থপাঠ কার্যক্রমের উদ্বোধন ও বই বিতরণ অনুষ্ঠান আয়োজন;<br>গ) আগামী ১৩ আগস্ট ২০২৩ একই গ্রন্থ নিয়ে ময়মনসিংহের মুক্তাগাছায় শহীদ স্মৃতি সরকারি কলেজের শিক্ষার্থীদের অংশগ্রহণে গ্রন্থপাঠ কার্যক্রমের উদ্বোধন ও বই বিতরণ অনুষ্ঠান আয়োজন। উক্ত গ্রন্থপাঠ কার্যক্রমের উদ্বোধন করার বিষয়ে মাননীয় প্রতিমন্ত্রী মহোদয় সদয় সম্মতি জ্ঞাপন করেছেন। | জাতীয় গ্রন্থকেন্দ্র |

| ক্রমিক | কর্মসূচি/সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| | ঘ) ১৫ আগস্ট বিকেলে জাতীয় গ্রন্থকেন্দ্র মিলনায়তনে কোরানখানি ও দোয়া মাহফিল আয়োজন;<br>ঙ) জাতীয় শোক দিবস উপলক্ষ্যে ১৬-১৮ আগস্ট ২০২৩ গণগ্রন্থাগার অধিদপ্তর আয়োজিত ঢাকার ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউটে গ্রন্থপ্রদর্শনীতে অংশগ্রহণ; এবং<br>চ) ২১-২৪ আগস্ট ২০২৩ তারিখের মধ্যে সুবিধাজনক সময়ে জাতীয় শোক দিবস উপলক্ষ্যে বিশিষ্টজনদের অংশগ্রহণে বিষয়ভিত্তিক মুক্ত আলোচনা আয়োজন। | |
| ২০. | ক) ১৫ আগস্ট ২০২৩ তারিখ মঙ্গলবার নিজ দপ্তরে রক্ষিত জাতির পিতার প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণের ব্যবস্থা গ্রহণ করা;<br>খ) সাহিত্য ও সাংস্কৃতিক প্রতিযোগিতার আয়োজন করা; এবং<br>গ) ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক ইন্সটিটিউট/একাডেমি/ সাংস্কৃতিক কেন্দ্র সংশ্লিষ্ট জেলা/উপজেলা প্রশাসনের সাথে সমন্বয় করে অনুষ্ঠানের আয়োজন করা। শিশু-কিশোরদের জন্য বিভিন্ন প্রতিযোগিতার আয়োজন করা। | ক্ষুদ্র নৃগোষ্ঠীর সকল সাংস্কৃতিক ইনস্টিটিউট/ একাডেমি/ কেন্দ্র |
| | বঙ্গবন্ধুর উপর রচতি কবতিা প্রতিযোগিতার আয়োজন করা। | ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনষ্টিটিউট, খাগড়াছড়ি |
| | শোকের পংক্তিমালা শীষক অনুষ্ঠান আয়োজন করা (নিজস্ব ভাষায়)। | ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক একাডেমি, বিরিশিরি |
| | শোক সপ্তাহ পালন করা। | ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, রাঙ্গামাটি |
| | বক্তৃতা আয়োজন, রচনা প্রতযোগিতা, কবতিা আবৃত্তি, আলোচনা সভা ও সাংস্কৃতকি অনুষ্ঠান অনলাইনে আয়োজন করা। | ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, বান্দরবান |
| ২১. | দপ্তর/সংস্থা কর্তৃক আয়োজিত সকল অনুষ্ঠানের নিরাপত্তা বিধানের জন্য স্ব স্ব কর্মসূচি জানিয়ে দপ্তর/সংস্থা প্রধানগণ সংশ্লিষ্ট পুলিশ কমিশনার/ পুলিশ সুপার এবং থানাকে পত্র প্রদান করে মন্ত্রণালয়কে অবহিত করবে। | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় এবং এ মন্ত্রণালয়ের আওতাধীন সকল দপ্তর/সংস্থা |
| ২২. | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় ও আওতাধীন দপ্তর/সংস্থার কর্মকর্তাগণকে সক্রিয় অংশগ্রহণ ও উপস্থিতি নিশ্চিত করার লক্ষ্যে নিম্নবর্ণিত কর্মকর্তাগণের সমন্বয়ে মনিটরিং কমিটি গঠন করা:<br>১) অতিরিক্ত সচিব (প্রশাসন) - আহ্বায়ক<br>২) যুগ্মসচিব (অনুষ্ঠান) - সদস্য<br>৩) উপসচিব (প্রশাসন-২) - সদস্য<br>৪) উপসচিব (প্রশাসন-১) - সদস্য<br>৫) উপসচিব (অনুষ্ঠান) - সদস্য সচিব | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় |

০৩. সভায় অন্য কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

খলিল আহমদ
সচিব

স্মারক: ৪৩.০০.০০০০.১২৪.২৩.১৯৪.২৩, ৫০৮

তারিখ: ২৪ শ্রাবণ ১৪৩০
০৮ আগস্ট ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. অতিরিক্ত সচিব (সকল), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২. মহাপরিচালক, বাংলাদেশ জাতীয় জাদুঘর, ঢাকা;
৩. মহাপরিচালক, প্রত্নতত্ত্ব অধিদপ্তর, ঢাকা;
৪. মহাপরিচালক, গণগ্রন্থাগার অধিদপ্তর, শাহবাগ, ঢাকা;
৫. রেজিস্ট্রার, কপিরাইট অফিস, শেরে-বাংলা নগর, ঢাকা;
৬. মহাপরিচালক, বাংলাদেশ শিল্পকলা একাডেমি, ঢাকা;
৭. মহাপরিচালক, বাংলা একাডেমি, ঢাকা;
৮. যুগ্মসচিব (সকল), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৯. মহাপরিচালক, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, শেরে-বাংলা নগর, ঢাকা;
১০. ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ শিল্পী কল্যাণ ট্রাস্ট, বর্ধমান হাউজ, বাংলা একাডেমি, ঢাকা;
১১. নির্বাহী পরিচালক, কবি নজরুল ইনস্টিটিউট, ধানমন্ডি, ঢাকা;
১২. উপসচিব (সকল), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
১৩. পরিচালক, জাতীয় গ্রন্থকেন্দ্র, ঢাকা;
১৪. পরিচালক, বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন, সোনাগাঁও, নারায়ণগঞ্জ;
১৫. সিনিয়র সহকারী সচিব (সকল)/সহকারী সচিব (সকল), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
১৬. পরিচালক, ক্ষুদ্র নৃগোষ্ঠীর কালচারাল একাডেমি, বিরিশিরি, নেত্রকোণা;
১৭. পরিচালক, ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, বান্দরবান;
১৮. পরিচালক, কক্সবাজার সাংস্কৃতিক কেন্দ্র, কক্সবাজার;
১৯. পরিচালক, ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, খাগড়াছড়ি;
২০. উপ-পরিচালক, ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, রাঙ্গামাটি;
২১. উপ-পরিচালক, রাজশাহী বিভাগীয় ক্ষুদ্র নৃগোষ্ঠীর কালচারাল একাডেমি, রাজশাহী; এবং
২২. উপ-পরিচালক, মনিপুরী ললিতকলা একাডেমি, কমলগঞ্জ, মৌলভীবাজার।

সদয় অবগতির জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. প্রতিমন্ত্রীর একান্ত সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য);
২. সচিবের একান্ত সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
৩. সিস্টেম এনালিস্ট, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সভার কার্যবিবরণী মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ); এবং
৪. অফিস কপি।

০৮.৮.২০২৩


বাবুল মিয়া
উপসচিব
ফোন: ৫৫১০১১৬৫
ইমেইল: event.section@moca.gov.bd